# আকাশবাণী শিলচর

## REGIONAL NEWS UNIT – SILCHAR

## MORNING NEWS BULLETIN

## BENGALI

**22 JUNE 2026** **7:45—7:55 PM**

---

১) গৌহাটী থেকে দুবাই ও আবুধাবি পর্যন্ত আগামী চৌঠা আগষ্ট থেকে বিমান সেবা আরম্ভ হবে বলে মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মার প্রকাশ ।

২) সমগ্র রাজ্যে কৃষকের পঞ্জীয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করতে মন্ত্রী পীযুষ হাজারিকার গুরুত্ব আরোপ ।

৩) খানাপারার প্রশাসনিক মহাবিদ্যালয়ে বন বিভাগের আধিকারিকদের সংগে মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়ার পর্যালোচনা বৈঠক ।

এবং

৪) আজ রাত ৯ টা ৮ মিনিট ৪২ সেকেন্ডে অম্বুবাচীর প্রবৃত্তি ।

-----------------------------------------------------------------------------------

গৌহাটী থেকে বিশ্বের অন্যতম বানিজ্যিক ও পর্যটন ক্ষেত্র দুবাই ও আবুধাবি পর্যন্ত আগামী চৌঠা আগষ্ট থেকে সরাসরি বিমান সেবা আরম্ভ হবে । মুখ্যমন্ত্রী ড: হিমন্ত বিশ্ব শর্মা সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । গৌহাটী থেকে ইউ এ ই , থাইল্যান্ড , সিংগাপুর ও ভূটান পর্যন্ত সরাসরি বিমানসেবা আরম্ভ হয়েছে । এই নতুন সংযোগ আসামের বানিজ্য , বিনিয়োগ , পর্যটন ও আর্ন্তজাতিক সম্পর্ককে নতুন গতি প্রদান করবে বলে ড: শর্মা আশা প্রকাশ করেন । আগামীতে ভিয়েতনাম পর্যন্ত গৌহাটী থেকে সরাসরি বিমানসেবা আরম্ভ করা হবে বলে মুখ্যমন্ত্রী জানিয়েছেন । গৌহাটীকে দক্ষিণ পূর্ব এশিয়ার বিমান যাতায়াতের কেন্দ্র হিসেবে গড়ে তোলার লক্ষে এই পদক্ষেপ গ্রহণ করা হয়েছে বলে তিনি জানান ।

-----------------------------------------------------------------------------------

কৃষি মন্ত্রী পীযুষ হাজারিকা আজ ভার্চুয়েল ব্যবস্থার মাধ্যমে রাজ্যের বিভিন্ন জেলার আয়ুক্ত ও জেলা কৃষি আধিকারিকদের সংগে এক পর্যালোচনা বৈঠকে অংশ গ্রহণ করেন । জনতা ভবনে অনুষ্ঠিত এই বৈঠকে কৃষি বিভাগের অধীনে রূপায়িত হওয়া হয়ে থাকা বন অধিকার আইনের পাট্টাধারীদের ডিজিটেলাইজেশন , কৃষকের পঞ্জীয়ন , পরিচয় পত্র প্রস্তুত , এগ্রিষ্টেকের মাধ্যমে নূন্যতম সমর্থন মূল্যের অধীনে ধান ক্রয় ব্যবস্থা সহ বেশকিছু গুরুত্বপূর্ন কার্যসূচীর অগ্রগতি সম্পর্কে পর্যলোচনা করা হয় । মন্ত্রী পীযুষ হাজারিকা সমগ্র রাজ্যে কৃষকের পঞ্জীয়ন প্রক্রিয়া ত্বরান্বিত করা সম্পর্কে বিশেষ গুরুত্ব আরোপ করে বলেন যে রাজ্যের প্রায় ৫০ লক্ষ কৃষক পরিবারকে পঞ্জীয়নের আওতায় আনতে হবে ।কৃষকরা যাতে সহজে পঞ্জীয়ন সম্পূর্ন করতে পারে সেজন্য জেলা প্রশাসনের সব ধরণের সহযোগিতা করতে হবে ।এছাড়া মন্ত্রী ন্যাশনেল মিশন অন এডিবল ওয়েল - ওয়েল পাম কার্যসূচীর অধীনে ওয়েল পাম চাষের সম্প্রসারণে সক্রিয় সহযোগীতা করতে জেলা প্রশাসনগুলির প্রতি আহ্বান জানান ।

-----------------------------------------------------------------------------------

আসাম বিধানসভা সচিবালয় প্রথমবারের মতো বিধানসভায় নির্বাচিত ৪৭ জন বিধায়কের জন্য প্রশিক্ষণের ব্যাবস্থা করেছে । আগামী ৪ ও ৫ জুলাই গোপীনাথ বরদলৈ ভবনে এই প্রশিক্ষণ অনুষ্ঠিত হবে । আসাম বিধানসভার অধ্যক্ষ রঞ্জিত কুমার দাস একথা জানিয়ে বলেন যে আসাম বিধানসভায় থাকা সব গুরুত্বপূর্ণ বিষয়কে অর্ন্তভুক্ত করে দুদিনব্যাপী নতুন বিধায়কদের জন্য এই প্রশিক্ষণের ব্যবস্থা করা হয়েছে । এই প্রশিক্ষনে নতুন বিধায়কদের সঙ্গে পুরোনো বিধায়করাও অংশগ্রহণ করতে পারবেন । প্রশিক্ষণ কার্যসূচীতে নাগালেন্ড বিশ্ববিদ্যালয়ের আচার্য্য ড.সমুদ্র গুপ্ত কাশ্যপ , আসাম বিধানসভার প্রাক্তন অধ্যক্ষ হিতেন্দ্র নাথ গোস্বামী ,প্রাক্তন উপাধ্যক্ষ নোমল মমিন সহ বেশ কয়েকজন বিশিষ্ট ব্যাক্তিদের আমন্ত্রণ জানানো হয়েছে বলে অধ্যক্ষ শ্রী দাস জানান ।

উল্লেখ্য আসাম বিধানসভার বাজেট অধিবেশন আগামী ৬ জুলাই থেকে আরম্ভ হবে । ১০ জুলাই আসাম বিধানসভার মধ্যে ২০২৬-২৭ অর্থ বছরের বাজেট দাখিল করা হবে । আসন্ন বাজেট অধিবেশনের প্রতি লক্ষ্য রেখে আসাম বিধানসভা সচিবালয় নতুন করে নির্বাচিত হওয়া বিধায়কদের জন্য এই প্রশিক্ষণের ব্যাবস্থা করেছে ।

-----------------------------------------------------------------------------------

বন ও পরিবেশ মন্ত্রী জয়ন্ত মল্ল বরুয়া খানাপারার প্রশাসনিক মহাবিদ্যালয়ে বন বিভাগের আধিকারিকদের সংগে এক পর্যালোচনা বৈঠকে মিলিত হন । বৈঠকে মন্ত্রী বলেন যে তিন বছর কার্যকালের পর বন বিভাগের সব আধিকারিক কর্মচারীকে বদলি

করা হবে । নিজেদের পছন্দ অনুযায়ী সংমন্ডল , রেঞ্জ , বীট কার্যালয়ে বছর বছর থেকে আধিকারিকরা নিয়োজিত হয়ে থাকতে পারবেননা বলে তিনি মন্তব্য করেন । অর্থের বিনিময়ে বদলি বা নিযুক্তির অভিযোগ পেলে কঠোর ব্যবস্থা গ্রহণ করা হবে বলে তিনি সতর্ক করে দিয়েছেন ।

বাইট ( জয়ন্ত )

বদলির বিনিময়ে কোনো আধিকারিক বা কর্মচারীরা অর্থ চাইলে হোয়াটস আপে মন্ত্রীকে অভিযোগ করতে তিনি আহ্বান জানান ।

---

আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদ আগামীকাল বেলা১১ টায় মাধ্যমিক কম্পার্টমেন্টাল পরীক্ষা ২০২৬ এর ফলাফল ঘোষনা করবে । শিক্ষামন্ত্রী ডা:রণোজ পেগু সামাজিক মাধ্যমে একথা জানিয়েছেন । ছাত্র ছাত্রীরা আসাম রাজ্য বিদ্যালয় শিক্ষা পর্ষদের ওয়েবসাইট সেবা অনলাইন ডট ও আর জি ফলাফল লাভ করা সহ মার্কশিট ডাউনলোড করতে পারবে । উল্লেখ্য এবারের কম্পার্টমেন্টাল পরীক্ষায় ৬৪ হাজার ৫০ জন পরীক্ষার্থী অবতীর্ণ হয়েছিলো ।

---

শক্তিপীঠ কামাখ্যা দেবালয়ে আজ থেকে অম্বুবাচী মেলা শুরু হচ্ছে । দেবালয় কর্তৃপক্ষ জানিয়েছেন যে প্রতিবছরের মতো এবারও অম্বুবাচী মেলা উপলক্ষ্যে দেশ বিদেশ সহ রাজ্যের বিভিন্ন স্থান থেকে সাধু-সন্ন্যাসী তথা ভক্তপ্রাণ জনসাধারণের সমাগত পরিলক্ষিত হচ্ছে ।
আজ রাত ৯ টা বেজে ৮ মিনিট ৪২ সেকেন্ডে অম্বুবাচীর প্রবৃত্তি হবে । প্রবৃত্তির সঙ্গে সঙ্গে কামাখ্যা মন্দিরের দ্বার ভক্তদের জন্য বন্ধ করে দেওয়া হবে । ২৩ , ২৪ ও ২৫ শে জুন  কামাখ্যা মন্দিরের দ্বার সম্পূর্ণভাবে বন্ধ থাকবে । ২৬ জুন সকালে অম্বুবাচীর নিবৃত্তির পর মন্দিরের দ্বার ভক্তদের জন্য পুনরায় খুলে দেওয়া হবে ।

---

রাজ্য সরকারের প্রতিশ্রুতি অনুযায়ী শিশু স্বাস্থ্য সেবার উন্নয়ন এবং মানসম্মত চিকিৎসা পরিষেবা নিশ্চিত করতে আসাম সরকারের স্বাস্থ্য ও পরিবার কল্যাণ বিভাগের কমিশনার ও সচিব ড.পি অশোক বাবু এবং জাতীয় স্বাস্থ্য অভিযান আসামের মিশন সঞ্চালক ড. লক্ষণন এসের নেতৃত্বে একটি উচ্চ-পর্যায়ের দল বরাক উপত্যকায় শিশু স্বাস্থ্য পরিষেবা নিয়ে বিভিন্ন অঞ্চল পরিদর্শন করেছেন । পরিদর্শনের সময় দলটি কাছাড় ,শ্রীভূমি ও

হাইলাকান্দি জেলার স্বাস্থ্য সুবিধা ও পরিষেবা প্রদান ব্যবস্থার বিস্তাএইত মূল্যায়ন করেন ।

-----------------------------------------------------------------------------------------

শ্রীভূমি জেলার এরালিগুলের পন্ডিত দীন দয়াল উপাধ্যায় আর্দশ মহাবিদ্যালয়ের উদ্ভিদ বিদ্যা বিভাগের সহকারী অধ্যাপক ডক্টর রফিউল আমিন লস্কর আর্ন্তজাতিকভাবে স্বীকৃত এস সি আই র‍্যাঙ্ক গ্লোবাল রেজিষ্ট্রি-২০২৫ এর বিশ্বের শীর্ষ পাঁচ শতাংশ বিজ্ঞানীর তালিকায় স্থান পেয়েছেন । মহাবিদ্যালয়ের অধ্যক্ষ জানিয়েছেন যে হাইলাকান্দি জেলার বাসিন্দা ডক্টর লস্কর আলিগড় মুসলিম বিশ্ববিদ্যালয় থেকে উচ্চ শিক্ষা সম্পন্ন করার পর শিক্ষকতা এবং গবেষনার জগতে আত্ম নিয়োগ করেন । উল্লেখ্য  এস সি আই র‍্যাঙ্ক গ্লোবাল একটি স্বতন্ত্র আর্ন্তজাতিক সংস্থা যা গবেষনা কাজকর্মের স্বচ্ছ , নিরপেক্ষ ও তথ্য ভিত্তিক মূল্যায়নের মাধ্যমে বিশ্বব্যাপী বিজ্ঞানীদের গবেষনাগত প্রভাব , একাডেমিক উৎকর্ষ এবং জ্ঞানচর্চায় অবদানের মান নিরূপন করে থাকে ।

-----------------------------------------------------------------------------------------

লক্ষীপুর রাজারগ্রামের প্রবীন নাগরিক তথা বিশিষ্ট সমাজসেবী এ বাবাতোম্বী সিংহ আজ নিজ বাসভবনে শেষ নিশ্বাস ত্যাগ করেছেন । বয়স হয়েছিল ৮৮ । লক্ষীপুরের সিনিয়র সিটিজেনস ফোরামের পক্ষ থেকে বাবাতোম্বী সিংহের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করা হয়েছে ।

-----------------------------------------------------------------------------------------

লক্ষীপুরের প্রবীন নাগরিক সংস্থার উদ্যোগে গতকাল বিভিন্ন কার্যসূচীর মধ্য দিয়ে আর্ন্তজাতিক পিতৃ দিবস পালন করা হয়েছে । স্থানীয় খরিরোল কমিউনিটি হলে আয়োজিত অনুষ্ঠানে প্রথমে রাষ্ট্রপিতা মহাত্মা গান্ধীর প্রতিকৃতিতে শ্রদ্ধা জানানো হয়েছে । পরে সংস্থার সহ-সভাপতি কে এইচ গৌরহরি সিংহের পৌরহিত্যে আয়োজিত সভায় পিতৃ দিবসের তাৎপর্য নিয়ে আই বিনোদ সিংহ , নলিনী কুমার সিংহ , এ সূর্যমূখী দেবী প্রমূখ বক্তব্য রাখেন ।

-----------------------------------------------------------------------------------------

হাইলাকান্দি জেলার কাটলিছড়ায় আজ এক সড়ক র্দুঘটনায় এক ব্যাক্তির মৃত্যু হয়েছে এবং একজন কিশোর আহত হয়েছে । আমাদের সংবাদদাতা জানিয়েছেন যে কাটলিছড়া চক্র আধিকারীকের কার্য্যলয়ের সামনে মোটর সাইকেল ও সাইকেলের মূখোমূখি সংঘর্ষে সাইকেল আরোহী সজল রায় গুরুতর আহত হয়েছেন । ঘটনার পর স্থানীয়দের প্রচেষ্টায় আহত ব্যাক্তিকে কাটলিছড়া হাসপাতালে নিয়ে গেলে , কর্তব্যরত

চিকিৎসক আহত ব্যাক্তিকে মৃত বলে ঘোষনা করেন । আহত কিশোর সনু রায়কে হাইলাকান্দি সিভিল হাসপাতালে ভর্তি করা হয়েছে ।

--------------------------------------------------------------------------------